Total No. of Printed Pages—4

**4 SEM FYUGP BNLC 4A**

**2025**

( June )

BENGALI

( Core )

Paper : BNLC 4A

**( ভাষার পরিচয় )**

*Full Marks* : 60

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি): ১×২=২

(ক) কোন্ ভাষাবংশ থেকে বাংলা ভাষার উদ্ভব হয়?

(খ) ভারতবর্ষের হিমালয় পাদদেশে এবং আসাম-চীন-বর্মা সীমান্ত অঞ্চলে কোন্ ভাষা গোষ্ঠীর অবস্থান?

(গ) দক্ষিণ ভারতে প্রচলিত ভাষাগুলি কোন্ ভাষাবংশ থেকে এসেছে?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **একটি**) : ৩

(ক) ভারতের কোন্ কোন্ অঞ্চলে অস্ট্রো-এশিয়াটিক শাখার ভাষা প্রচলিত?

(খ) ভোট-চীনীয় ভাষাবংশের অন্তর্গত তিনটি শাখার উল্লেখ করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ইন্দো-ইউরোপীয় শাখার বিস্তারিত বর্ণনা দাও।

(খ) দ্রাবিড় গোষ্ঠীর ভাষার পরিচয় দাও এবং ভারতীয় আর্য ভাষায় দ্রাবিড় ভাষার প্রভাব কতটা তা উদাহরণসহ লেখো।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) উচ্চারিত ধ্বনির দৃশ্য রূপায়ণকে কী বলে?

(খ) "এই পদ্ধতির প্রচলন ছিল দক্ষিণ আমেরিকার পেরু অঞ্চলের ইসকাসদের মধ্যে।" এখানে কোন্ লিপি-পদ্ধতির কথা বলা হয়েছে?

(গ) ড০ সুকুমার সেনের মতে কোন্ লিপি থেকে বাংলা লিপির জন্ম?





৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **একটি**) : ৩

(ক) চিত্রপ্রতীক লিপি বলতে কী বোঝায়?

(খ) আদিমকাল থেকে আধুনিককাল পর্যন্ত লিপিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায় ও কী কী তা উল্লেখ করো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ব্রাহ্মী লিপির উৎস কী? ব্রাহ্মী লিপির আঞ্চলিক রূপগুলি সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা লিপির উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন কোনটি?

(খ) সাধুভাষার পরিবর্তে চলিত ভাষার ব্যবহার সর্বপ্রথম কে প্রবর্তন করেন?

(গ) গুরুচণ্ডালি দোষ বলতে কী বোঝায়?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **একটি**) : ৩

(ক) সাহিত্যে ব্যবহৃত গদ্যের রীতি কয়টি এবং কী কী?

(খ) অন্ত্য-মধ্য বাংলার সময়কাল এবং দৃষ্টান্ত উল্লেখ করো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) আধুনিক বাংলা ভাষার সময়কাল তথা দৃষ্টান্ত উল্লেখ করে এর ভাষাগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) উদাহরণসহ সাধুভাষা ও চলিত ভাষার পার্থক্য উল্লেখ করো।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) একই ভাষার মধ্যে আঞ্চলিক পৃথক রূপকে কী বলে?

(খ) পশ্চিমবঙ্গে প্রচলিত উপভাষা কোনটি?

(গ) কোন্ উপভাষায় অনুনাসিকতার প্রাধান্য পরিলক্ষিত হয়?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) ঢাকাই অথবা চট্টগ্রামী অঞ্চলের তিনটি ভাষাবৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) ভাষা ও উপভাষার পার্থক্যগুলি নির্দেশ করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ভৌগোলিক অবস্থান নির্দেশ করে রাঢ়ি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) বরেন্দ্রী উপভাষার অবস্থানসহ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

★★★